যায়যায়দিন

তারিখ : 21 JAN 2009
পৃষ্ঠা ... ৩

# বরিশাল পলিটেকনিকে ভাংচুর

বরিশাল অফিস

বরিশাল পলিটেকনিক ইন্সটিটিউটে পরীক্ষার ফল আশাতীত না হওয়ায় কতিপয় বিক্ষুব্ধ ছাত্র গতকাল ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল শেষে কয়েকটি কক্ষ ভাংচুর করেছে।

ক্যাম্পাস সূত্রে জানা গেছে, বিক্ষুব্ধ ছাত্ররা কয়েকদিনের আন্দোলনের ধারাবাহিকতায় গতকালও ক্যাম্পাসে মিছিল বের করে। মিছিলকারীরা এক পর্যায়ে প্রশাসনিক ভবন, কম্পিউটার বিভাগসহ কয়েকটি ক্লাসের দরজা-জানালা ভাংচুর করে। এ সময় ছাত্ররা কলেজ অধ্যক্ষ কাজী জহিরুদ্দিনকে প্রায় আধঘণ্টা অবরুদ্ধ করে রাখে। পরে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। ২০০০ সালের পরীক্ষার ফল কয়েকদিন আগেই ঘোষণা করা হয়েছে। ওই ফলে দেখা গেছে, অনেক শিক্ষার্থী ভালো পরীক্ষা দিয়েও অকৃতকার্য এবং অনেকে পরীক্ষায় অংশগ্রহণ না করেও কৃতকার্য হয়েছে। ছাত্ররা এজন্য কলেজ প্রশাসনকে দায়ী করে কয়েকদিন ধরে ক্যাম্পাসে ধারাবাহিকভাবে বিক্ষোভ করছে।